



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন

৫, কাওরান বাজার, ঢাকা।

Website: www.brdb.gov.bd

পত্র নং-৪৭.৬২.০০০০.৪১১.০৫.০০৩.০৭.১১৫৯১

তারিখ: ০৩/১১/২০১৬খ্রি:

বিষয়: জেলা ও উপজেলা দপ্তরের অফিসিয়াল ফেসবুক পেজ তৈরি ও ব্যবহার নিশ্চিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সকল সরকারী দপ্তরের অফিসিয়াল ফেসবুক পেজ খোলার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। নির্দেশনা মোতাবেক বিআরডিবি'র অফিসিয়াল ফেসবুক গ্রুপ পেজ Bangladesh Rural Development Board (BRDB) তৈরী করা হয়েছে। বিআরডিবি'র অনেক উপজেলাদপ্তর, জেলাদপ্তর ও প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ কর্তৃক অফিসিয়াল ফেসবুক পেজ তৈরী ও ব্যবহার করা হচ্ছে। বিষয়টি প্রশংসনীয়। অফিসিয়াল ফেসবুক পেজ ব্যবহার করলে দাপ্তরিক তথ্য আদান প্রদান, মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের উদ্ভাবনী আইডিয়া সৃজনে মতবিনিময়, মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নের অভিজ্ঞতা, কর্মক্ষেত্রের সফলতা, মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নের বিভিন্ন সমস্যা, এ সকল সমস্যা কিভাবে সমাধান করা হয়েছে/সম্ভাব্য সমাধান প্রক্রিয়া ইত্যাদি বিষয়ে মত বিনিময় করার সুযোগ সৃষ্টি হবে। বিআরডিবি'র যে সকল উপজেলাদপ্তর, জেলাদপ্তর ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এর অফিসিয়াল ফেসবুক পেজ এখনও তৈরী করা হয়নি সে সকল উপজেলাদপ্তর, জেলাদপ্তর ও প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহকে অতিসত্ত্বর দাপ্তরিক ফেসবুক পেজ তৈরি করে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জারিকৃত 'সরকারী প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৬' অনুসরণ করতঃ সোশ্যাল মিডিয়া'র ব্যবহার নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

২। ফেসবুক পেজের নামকরণ অবশ্যই ইংরেজিতে সংশ্লিষ্ট উপজেলা, জেলা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহের নামে হতে হবে। প্রত্যেক উপজেলাদপ্তর, জেলাদপ্তর ও প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহের জন্য একটি করে ফেসবুক আইডি থাকবে। উপজেলায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীর নামে আলাদা কোন ফেসবুক আইডি থাকবেনা।

৩। অফিসিয়াল ফেসবুক পেজ তৈরী করার সময় ফেসবুক পেজের নামকরণ একই ফরমেটে হওয়া জরুরী যাতে বিআরডিবি'র উপজেলাদপ্তর, জেলাদপ্তর ও প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ ফেসবুক পেজ সার্চ করে সহজেই পাওয়া যায়। ফেসবুক পেজের নমুনা হবে জেলাদপ্তরসমূহ ইংরেজিতে BRDB<space>District Name দিয়ে জেলার ফেসবুক পেজের নামকরণ করবেন এবং উপজেলাদপ্তরসমূহ ইংরেজিতে প্রথমে BRDB<space>District<space>Upazila Name দিয়ে উপজেলার ফেসবুক পেজের নামকরণ করবেন। যেমন লালমনিরহাট জেলাদপ্তর -BRDB Lalmonirhat and ঝিনাইদহ জেলাদপ্তর BRDB Jhenaidah. লালমনিরহাট জেলার কালিগঞ্জ উপজেলাদপ্তর BRDB Lalmonirhat Kaligonj ও ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলাদপ্তর BRDB Jheniadah Kaligonj. এভাবে ফেসবুক পেজ তৈরি করা হলে একই নামের উপজেলা খুঁজতে সহজ হবে।

৪। যে সকল উপজেলাদপ্তর, জেলাদপ্তর ও প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ ইতোপূর্বে অফিসিয়াল ফেসবুক পেজ খুলেছেন তাদের নতুন ফরমেট অনুযায়ী ফেসবুক পেজের পুনঃনামকরণ করতে হবে।

৫। বিআরডিবি'র অফিসিয়াল ফেসবুক পেজে ব্যবহৃত কভার ফটো ও প্রোফাইল ফটো অফিসিয়াল ফেসবুক পেজে কভার ফটো ও প্রোফাইল ফটো হিসেবে ব্যবহার করতে হবে।

৬। বিআরডিবি'র জেলা ও উপজেলা দপ্তরের অফিসিয়াল ই-মেইল আইডি অথবা ইউআরডিওর অফিসিয়াল মোবাইল নম্বর ব্যবহার করে দাপ্তরিক ফেসবুক আইডি খুলতে হবে। কারণ কর্মকর্তা ও কর্মচারীদের ব্যক্তিগত ইমেইল আইডি ব্যবহার করা হলে বদলীজনিত কারণে কোন কর্মকর্তা ও কর্মচারী অন্যত্র চলে গেলে পরবর্তীতে অফিসিয়াল ফেসবুক পেজ পরিচালনা ব্যাহত হবে।

৭। জেলা ও উপজেলা দপ্তরসমূহকে ফেসবুক পেজ খোলার পর বিআরডিবি'র অফিসিয়াল ফেসবুক পেজে যুক্ত হওয়ার জন্য request পাঠাতে হবে। আপনাদের পাঠানো request সদরদপ্তরের প্রোগ্রামিং শাখা থেকে Confirm করা হবে।

৮। কোনভাবেই কর্মকর্তা ও কর্মচারীদের ব্যক্তিগত কোন বিষয় বা ফটো ফেসবুক পেজ এ পোস্ট করা যাবেনা। তবে বিশেষ কোন অর্জন বা সুনাম যা ব্যক্তিগত কিন্তু বিআরডিবি গৌরবান্বিত হয় এমন বিষয় দাপ্তরিক ফেসবুকে পোস্ট করা যাবে। কোন অনাকাঙ্ক্ষিত সাইটকে Like দেয়া বা Follow করা যাবে না। কোন পোস্টিং প্রদান করা হলে তা বিআরডিবি'র সকল জেলাদপ্তর, উপজেলাদপ্তর, সদরদপ্তরসহ অন্যান্য অধিদপ্তর/বিভাগ/মন্ত্রণালয়সহ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুসরণ/পর্যবেক্ষণ করা হবে বিধায় অফিসিয়াল ফেসবুকে শিষ্টাচার বহির্ভূত মন্তব্য/ পোস্টিং না করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

এ. কে. এম. শহিদুল হক
পরিচালক (পরিচালনা)
বিআরডিবি, ঢাকা।
ফোনঃ ৮১৮০০০৭

অনুলিপি: সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত-

- ১। পরিচালক (প্রশাসন/অর্থ/সরেজমিন/প্রশিক্ষণ/বিআরডিটিআই), বিআরডিবি, ঢাকা।
- ২। যুগ্মপরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব/সিসিএম/আরইএম/মউ/নির্মাণ/সম্প্রসারণ/বিআরডিটিআই), বিআরডিবি, ঢাকা।
- ৩। উপপরিচালক..... শাখা, সদরদপ্তর, বিআরডিবি, ঢাকা।
- ৪। উপপরিচালক.....(সকল), জেলাদপ্তর, বিআরডিবি।
- ৫। উপপরিচালক (ডেলিউটিআই, টাংগাইল/এনআরডিটিআই, নোয়াখালী), বিআরডিবি।
- ৬। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত)।
- ৭। অফিস নথি।